# ALL INDIA RADIO, SILCHAR

*************

## EVENING BULLETIN : BENGALI

## DATE: 17 MARCH, 2024

## TIME: 19:45-19:55 Hrs

---

১) প্রবীন ভোটদাতা , দিব্যাঙ্গ ব্যাক্তি এবং কোভিড পজিটিভ লোকের জন্য পোষ্টাল ব্যালটের মাধ্যমে ঘরে ঘরে গিয়ে ভোট সংগ্রহ করা হবে বলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক অনুরাগ গোয়েলের প্রকাশ ।

২) ২০ মার্চ থেকে রাজনৈতিক দলগুলির উপস্থিতিতে ভোটিং মেশিনগুলির পরীক্ষা । ই-ভি-এম বহণ করা বাহন গুলিতে জি-পি-এস ব্যবস্থার সংযোজন ।

৩) আসন্ন লোকসভা নির্বাচনের পরিপ্রেক্ষিতে রাজ্যের বিভিন্ন রাজনৈতিক দলের প্রচারাভিযান আরম্ভ ।

এবং

৪) শিলচর-আইজল জাতীয় সড়কে আজ এক ভয়াবহ দূর্ঘটনায় ৩ জন যাত্রী সঙ্কটজনক সহ আরো কয়েকজন গুরুতর আহত ।

---

লোকসভা নির্বাচনের দিন ঘোষণার পর আজ রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক অনুরাগ গোয়েল অবাধ , সুষ্ঠ ও স্বচ্ছ নির্বাচন অনুষ্ঠিত করতে যে সব ব্যবস্থা গ্রহণ করা হয়েছে সে বিষয়ে বিস্তারিত জানিয়েছেন । জনতা ভবণে আয়োজিত একটি সাংবাদিক সম্মেলনকে সম্মোধন করে শ্রী গোয়েল রাজ্যে মোট ভোটদাতার সংখ্যা ২ কোটি ৪৩ লক্ষ ১ হাজার ৯শো ৬০ জন বলে উল্লেখ করেছেন । এর মধ্যে ১ কোটি ২১ লক্ষ ২২ হাজার ৭৯

হাজার ৩শো ৫৮ জন পুরুষ এবং ১ কোটি ২১ লক্ষ ২২ হাজার ১শো ৮৮ জন মহিলা ভোটদাতা রয়েছেন । রাজ্যে সর্বমোট ৪শো ৪১ জন তৃতীয়লিঙ্গের ভোটদাতাও তাদের নাম ভোটদাতা হিসেবে পঞ্জীয়ন করেছেন । মুখ্য নির্বাচনী আধিকারিক বলেছেন যে এ বারের নির্বাচনে বঙ্গাইগাওয়ে একটি এবং কামরূপ ও কামরূপ মহানগর জেলায় ৩টি ভোট গ্রহণ কেন্দ্র বৃদ্ধি পাওয়ায় রাজ্যে ভোট গ্রহণ কন্দ্রের সংখ্যা আরো বৃদ্ধি পেয়েছে বলে উল্লেখ করেন । আসামে মোট ভোট গ্রহণ কেন্দ্রের সংখ্যা হচ্ছে ২৮ হাজার ৬শো ৫৪টি । এর মধ্যে , ২শো ৬২টি ভোট গ্রহণ কেন্দ্রকে আদর্শ ভোট গ্রহণ কেন্দ্র হিসেবে গড়ে তোলা হয়েছে । উল্লেখ্য যে এই ভোট গ্রহণ কেন্দ্র গুলির মধ্যে ১ হাজার ৪শো ৯টি কেন্দ্র শুধুমাত্র মহিলাদের দ্বারা পরিচালিত হবে । রাজ্যের ৫০টি স্থানে ১শো ২৬টি ষ্ট্রং রূমের ব্যবস্থা থাকবে বলেও শ্রী গোয়েল জানিয়েছেন ।

তিনি আরো জানিয়েছেন যে তিনটি পর্যায়ের নির্বাচনের অধিসূচনা জারী হওয়ার ১০ দিন আগেও ভোটদাতারা তাদের নাম তালিকা ভুক্ত করার জন্য আবেদন জানাতে পারবে । এই আবেদনের ওপর ভিত্তি করেই চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করা হবে ।

নির্বাচন সুষ্ঠ ও শান্তিপূর্ণ ভাবে পরিচালনা করার জন্য ৩৪ হাজার ৩শো ৮০টি ভোটিং মেশিন এবং ৩৭ হাজার ২শো ৪৫টি ভি-ভি-পেট প্রস্তুত করে রাখা হয়েছে বলেও রাজ্যের মুখ্য নির্বাচন অধিকারিক সাংবাদিকদের জানিয়েছেন । আগামী ২০ মার্চ থেকে রাজনৈতিক দল গুলির প্রতিনিধিদের উপস্থিতিতে ই-ভি-এম গুলি পরীক্ষা করে দেখা হবে । অন্যদিকে নির্বাচনী আচরণ বিধি লঙ্ঘন করা অথবা অবৈধ লেন-দেন সহ সম্ভাব্য অনিয়ম পর্যবেক্ষণ করার জন্য ফ্লায়িং স্কোয়াড সহ বিশেষ দল গঠন করা হবে বলে শ্রী গোয়েল জানিয়েছেন । তিনি বলেন যে ১৫ হাজার ৭শো ৭৭টি ভোট গ্রহণ কেন্দ্রে ওয়েবকাষ্টিং-এর ব্যবস্থা থাকবে । ইলেকট্রনিক ভোটিং মেশিন বহণ করে নিয়ে যাওয়া বাহন গুলিতে জি-পি-এস ক্যামেরা স্থাপন করে এই বাহন গুলির ওপর সতর্ক দৃষ্টি রাখা হবে ।

শ্রী গোয়েল ৮৫ বছর বয়স অতিক্রম করা প্রবীন নাগরিক
৪০ শতাংশের অধিক প্রতিবন্ধকতা থাকা দিব্যাঙ্গ ব্যাক্তি এবং কোভিড পজেটিভ লোকের জন্য পোষ্টেল ব্যালটের মাধ্যমে ঘরে ঘরে গিয়ে ভোট সংগ্রহ করা হবে বলেও জানিয়েছেন । এর জন্য নিদৃষ্ট ওই ব্যাক্তিকে আবেদন জানাতে হবে । নির্বাচনী দায়িত্বে থাকা আধিকারক , পুলিশ , অথবা অন্যান্য কর্মচারীরাও পোষ্টেল ব্যালটের মাধ্যমে তাদের নিজ নিজ ভোট প্রদান করতে পারবেন । তিনি জানিয়েছেন যে রাজ্যে ৪৫ হাজার ১শো ৭৬ জন দৃষ্টিহীন ভোটদাতা থাকার পরিপ্রক্ষিতে ব্রেইল পদ্ধতির ব্যালট এবং ভোটার শ্লিপের ব্যবস্থা কটরা হয়েছে ।

নির্বাচন পরিচালনা করার জন্য ৬০টি আধা-সামরিক বাহিনীর সহায়তা পাওয়া গেছে বলে উল্লেখ করে শ্রী গোয়েল বলেন যে নির্বাচনের সময় অতিরিক্ত আধা-সামরিক বাহিনীর জোওয়ান নিযুক্ত করার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে । তিনি জানান যে রাজনৈতিক দল গুলিকে যে কোন ধরণের অনুজ্ঞা পত্র লাভ করার জন্য নির্ধারিত পোর্টালে আবেদন জানাতে হবে ।

---

লোকসভা নির্বাচনের দিন ঘোষনা করার সংগে সংগে বিভিন্ন রাজনৈতিক দল নির্বাচনী প্রচারে ব্যস্ত হয়ে পড়েছে । আম আদমী পার্টির গৌহাটীর গনেশগুড়ির রাজ্য কার্যালয়ে অনুষ্ঠিত এক সাংবাদিক সম্মেলনে দলের প্রবীন মুখপাত্র অনুরুপা ডেকা বলেন যে আসন্ন নির্বাচনে দেশের মোট ২২ টি লোকসভা আসনে আপ প্রতিদ্বন্দিতা করবে ।এর মধ্যে রাজ্যের দুটি আসনে দল প্রতিদ্বন্দিতা করবে । এর আগে রাজ্যের তিনটি আসনে দলটির প্রার্থীত্ব প্রদানের কথা ছিল যদি ও দলটির জাতীয় রাজনৈতিক পরিক্রমা কমিটির সিদ্ধান্ত অনুযায়ী গৌহাটী লোকসভা আসন প্রত্যাহার করা হয়েছে ।আপ শোণিতপুর ও ডিব্রুগড় লোকসভা আসনে সফলতা করার জন্য সর্বশক্তি প্রয়োগ করবে বলে শ্রী ডেকা উল্লেখ করেন ।

এদিকে যোরহট লোকসভা আসনে কংগ্রেস দলের প্রার্থী গৌরব গগৈ আজ চরাইদেউ জেলার সোণারি বিধানসভা কেন্দ্রের বেশ কয়েকটি চা বাগানে নির্বাচনী প্রচারে অংশ গ্রহণ করেন । সভায় শ্রী গগৈ মূল্যবোধের রাজনীতিকে প্রাধ্যন্য দিতে নব প্রজন্মকে আহ্বান জানান ।

অন্যদিকে গোলাঘাট জেলার কাজিরাঙা লোকসভা আসনের বিজেপি মিত্রজোটের প্রার্থী কামাখ্যা প্রসাদ তাসা ও রাজ্যের অর্থ মন্ত্রী অজন্তা নেওগ জেলাটির বেশ কয়েকটি দলীয় কর্মীসভায় অংশ গ্রহণ করেন । উভয় নেতা গোলাঘাটের সতী সাধিনী ক্ষেত্র , মেরাপানী , বরুয়া গ্রাম ইত্যাদি স্থানগুলিতে নির্বাচনী প্রচার চালান ।

---

করিমগঞ্জ লোকসভা আসনে ভারতীয় জাতীয় কংগ্রেস মনোনীত প্রার্থী হাফিজ রশিদ আহমেদ চৌধুরী গতকাল হাইলাকান্দি জেলার ধলেশ্বর থেকে নির্বাচনী প্রচার অভিযান শুরু করেছেন । প্রচার অভিযানের প্রথম দিন প্রার্থী শ্রী চৌধুরী ধলেশ্বর থেকে ঘাড়মূড়া পর্য্যন্ত কার র‍্যালীতে অংশগ্রহন করেছেন । পরে সাংবাদিকদের সঙ্গে কথা বলতে গিয়ে শ্রী চৌধুরী জানান যে জন প্রতিনিধি না হয়েও তিনি দীর্ঘ দিন থেকে জনগনের জন্য কাজ করে যাচ্ছেন , কাজের নিরিখেই ভোট চাইবেন । প্রার্থীর সঙ্গে কাটিগড়ার বিধায়ক খলিল উদ্দিন মজুমদার ও হাইলাকান্দি জেলা কংগ্রেস সভাপতি সামসুদ্দিন বড়লস্করও উপস্থিত ছিলেন ।

---

**নির্বাচন কমিশন** অরুণাচল প্রদেশ ও সিকিম বিধানসভা নির্বাচনের ভোটগণনা নির্বাচন কমিশনের পূর্বে ঘোষণা করা আগামী ৪ জুনের পরিবর্তে দুসরা জুন অনুষ্ঠিত হবে **বলে জানিয়েছে**। তবে লোকসভা আসনের ভোট গণনার ক্ষেত্রে পূর্ব সময় সূচির কোন পরিবর্তন হয় নি বলে নির্বাচন কমিশন সূত্রে জানানো হয়েছে ।

---

লোকসভা ও চারটি রাজ্যের বিধানসভা নির্বাচনের সময়সূচী ঘোষনা করার পর নির্বাচন কমিশন নির্বাচনী আচরণ বিধির ব্যবস্থাগুলির ফলপ্রসূ রুপায়নের জন্য নীতি নির্দেশিকা জারি করেছে । কেবিনেট সচিব , সব রাজ্যের মুখ্য সচিব ও মুখ্য নির্বাচনী আধিকারিকে লেখা একটি পত্রে কমিশন বলেছে যে নির্বাচন ঘোষনা করার পর ২৪ ঘন্টার মধ্যে সব সরকারী সম্পত্তির উপর থাকা ব্যানার পোষ্টার সরাতে হবে ও দেওয়ালে লেখা ও মুছে ফেলতে হবে ।এক ইভাবে নির্বাচনের দিন ঘোষনা থেকে ৭২ ঘন্টার মধ্যে ব্যাক্তিগত সম্পত্তিতে প্রদর্শনকরা রাজনৈতিক বিজ্ঞাপন সরাতে হবে ।কমিশন বলেছে যে নির্বাচনী কাজে নিয়োজিত আধিকারিক ছাড়া কোনো রাজনৈতিক দল , প্রার্থী বা নির্বাচনের সংগে জড়িত অন্য ব্যাক্তির সরকারী বাহন ব্যবহারের ক্ষেত্রে পূর্ন নিষেধাজ্ঞা থাকবে ।সরকারী খরচে সরকারের সাফল্য সম্পর্কে বৈদ্যুতিন অথবা ছাপা মাধ্যমে কোনো ধরনের বিজ্ঞাপন প্রকাশ করা যাবেনা বলে কমিশন স্পষ্ট করে দিয়েছে ।মুখ্য নির্বাচনী আধিকারিক ও জেলা নির্বাচনী আধিকারিকদের নির্বাচনের সূচী ঘোষনা করার পর সরকারের সাফল্য প্রদর্শন করা যেকোনো বিজ্ঞাপন সরিয়ে দিতে বা বন্ধ করে দিতে তৎক্ষনাৎ ব্যবস্থা গ্রহন করতে হবে ।মুখ্য নির্বাচনী আধিকারিককে রাজ্যের বিভাগীয় ওয়েবসাইট থেকে যেকোনো বিজ্ঞাপনের ফোটো সরিয়ে দেওয়ার জন্য ব্যবস্থা গ্রহণ করতে হবে ।

---

শিলচর আইজল সংযোগকারী ৩০৬ নম্বর জাতীয় সড়কের নরসিংপুর এলাকায় আজ এক ভয়াবহ সড়ক দূর্ঘটনায় তিন জন যাত্রীর শারিরিক অবস্থা সংকটজনক সহ আরও কয়েকজন যাত্রী গুরুতর ভাবে আহত হয়েছেন । সূত্রে জানা গিয়েছে মিজোরামের দিক থেকে যাত্রী

নিয়ে আসা একটি সুমো গাড়ীর ওভার টেক করতে গিয়ে বিপরীত দিক থেকে আসা একটি ট্রাকের সংগে মুখোমুখি সংঘর্ষ হয় । আহতদের দ্রুত চিকিৎসার জন্য শিলচর মেডিকেল কলেজ ও হাসপাতালে পাঠানো হয়েছে । গাড়ী চালক বারিক নগরের বাসিন্দা বলে জানা গেলেও , আহতদের সঠিক তথ্য এখনো পাওয়া যায় নি ।

--- ----- ------ ------- ------------------------ --------

আসাম মাধ্যমিক শিক্ষা পর্ষদ সেবা রাজ্যের শিক্ষার্থীদের জন্য নতুন নির্দেশনা জারি করেছে । সেই অনুযায়ী নবম শ্রেনীর শিক্ষার্থীদের জন্য পঞ্জীয়ন বাধ্যতামূলক করা হয়েছে । উল্লেখ্য নতুন শিক্ষানীতি অনুযায়ি এখন থেকে সেবার অধীন বিদ্যালয়গুলিতে অষ্টম শ্রেণী থেকে নবম শ্রেনীতে উত্তীর্ন হোয়ার সংগে সংগে সব শিক্ষার্থীর নাম পঞ্জীয়ন করা বাধ্যতামূলক করা হয়েছে । আগামী পয়লা এপ্রিল থেকে অনলাইনে এই পঞ্জীয়ন প্রক্রিয়া শুরু হবে ।পঞ্জীয়নের সময় শিক্ষার্থী যে বিদ্যালয়ে পড়ে সেই বিদ্যালয়ের ইউডাইস কোডের প্রয়োজন হবে ও সেই কোড শিক্ষা সেতু এ্যাপে ব্যবহার করা বাধ্যতামূলক করা হবে । বিদ্যালয়ের ইউডাইস কোড ছাড়া ও শিক্ষার্থীর অষ্টম শ্রেনীতে লাভ করা আই ডি নম্বর ও অষ্টম শ্রেণীর মার্কশিটের ও প্রয়োজন হবে ।

---

জাতীয় পরীক্ষণ সংস্থা এন টি এ স্নাতক পর্যায়ের জন্য যোগ্যতা নিরুপনকারী পরীক্ষা সি-ইউ-ই-টি-ইউ-জি পূর্বের ঘোষণা অনুসারে ১৫ থেকে ৩১ মে-র মধ্যে অনুষ্ঠিত হবে । ইউ জি সির অধ্যক্ষ এম গজদেশ কুমার সামাজিক মাধ্যমের এক পোষ্টে এই তথ্য জানিয়েছেন ।

---

হাইলাকান্দির জেলা আয়ুক্ত নির্সাগ হিভারে গৌতমের পৌরহিত্যে আজ আয়োজিত এক সভায় প্রতিটি রাজনৈতিক দলের কর্মকর্তাদের নির্বাচনী আর্দশ আচরন বিধি কঠোরভাবে মেনে চলার নির্দেশ দেওয়া হয়েছে । আজকের সভায় অতিরিক্ত আয়ুক্ত লাইরহলু খেনতে নির্বাচনী আর্দশ আচরন বিধির বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেছেন এবং রাজনৈতিক দলগুলির সহযোগীতা কামনা করেছেন ।

---

হাইলাকান্দির জেলা ম্যাজিষ্ট্রেট , জেলায় আর্দশ আচরন বিধি কঠোরভাবে বলবৎ করার পদক্ষেপ হিসেবে সরকারী সম্পত্তি থেকে প্রচার সামগ্রী সরানোর অভিযান শুরু করতে নির্দেশ দিয়েছেন ।। চক্র আধিকারীক পর্য্যায়ে টাস্ক ফোর্স গঠন করে গতকাল থেকে প্রচার সামগ্রী সরানোর কাজ শুরু হয়েছে ।

---

রণজিৎ কুমার লস্কর হাইলাকান্দি জেলা পরিষদের মূখ্য কার্য্যবাহী আধিকারীক হিসেবে গতকাল দায়িত্বভার গ্রহন করেছেন । বিদায়ী মূখ্য কার্য্যবাহী আধিকারীক জয়দীপ শুক্লা শ্রী লস্করকে দায়িত্বভার সমঝে দিয়েছেন । পরে শ্রী লস্কর জেলার খন্ড উন্নয়ন আধিকারীক সহ অন্যান্য আধিকারীকদের সঙ্গে একটি বৈঠকে মিলিত হয়েছেন ।

---

আসাম মাধ্যমিক শিক্ষা পর্ষদ সেবা রাজ্যের শিক্ষার্থীদের জন্য নতুন নির্দেশনা জারি করেছে । সেই অনুযায়ী নবম শ্রেনীর শিক্ষার্থীদের জন্য পঞ্জীয়ন বাধ্যতামূলক করা হয়েছে । উল্লেখ্য নতুন শিক্ষানীতি অনুযায়ি এখন থেকে

সেবার অধীন বিদ্যালয়গুলিতে অষ্টম শ্রেণী থেকে নবম শ্রেনীতে উত্তীর্ন হোয়ার সংগে সংগে সব শিক্ষার্থীর নাম পঞ্জীয়ন করা বাধ্যতামূলক করা হয়েছে । আগামী পয়লা এপ্রিল থেকে অনলাইনে এই পঞ্জীয়ন প্রক্রিয়া শুরু হবে ।পঞ্জীয়নের সময় শিক্ষার্থী যে বিদ্যালয়ে পড়ে সেই বিদ্যালয়ের ইউডাইস কোডের প্রয়োজন হবে ও সেই কোড শিক্ষা সেতু এ্যাপে ব্যবহার করা বাধ্যতামূলক করা হবে । বিদ্যালয়ের ইউডাইস কোড ছাড়া ও শিক্ষার্থীর অষ্টম শ্রেনীতে লাভ করা আই ডি নম্বর ও অষ্টম শ্রেণীর মার্কশিটের ও প্রয়োজন হবে ।

---